APR 05 2001

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র নং- জাতীঃবিঃ/পনি/অনার্স পার্ট-২/২০০০/২০০১/১১৮৫

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০০ সালের বিএ/বিএসএস/বিকম/বিএসসি অনার্স পার্ট-২ পরীক্ষা আগামী ৩০ শে জুন ২০০১ ইং তারিখ রোজ শনিবার হতে আরম্ভ হবে। উল্লেখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদানের তারিখসহ নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হল।

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি-এর পরিমাণ | আবেদন ফরম ও বিবরণী ফরম বিতরণের তারিখ | আবেদন ফরম, বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট জমাদানের শেষ তারিখ | বিলম্ব ফিসহ আবেদন ফরম, বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ২০০০ সালের বি,এ/বি, এস, এস/বি,কম/বিএসসি অনার্স পার্ট-২ পরীক্ষা | ১। অনার্স পার্ট-২ প্রতি পূর্ণপত্র-১১০/- টাকা<br>২। অনার্স বিষয়ে ব্যবহারিক পরীক্ষার জন্য বিষয় প্রতি ফি=৮০/- টাকা<br>৩। বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী = ৮০/- টাকা<br>৪। মনোগ্রাফ ফি= ৮০/- টাকা | ১০/০৪/২০০১ ইং মঙ্গলবার | ৩০/০৪/২০০১ ইং সোমবার | ১৩/০৫/২০০১ ইং রবিবার |

**কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী = ১৯০/- টাকা**

১। **কেন্দ্র পরিচালনা খরচ :** কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বা করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তর পত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজ ও জিনিষপত্র গ্রহণ করা প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ হতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ে জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না।

২। **আবেদন ফরম গ্রহণ :**

বিষয়ওয়ারী নিয়মিতএবং অনিয়মিত/অকৃতকার্য পরীক্ষার্থীদের পৃথক পৃথক দুই কপি করে তালিকা অনার্স পার্ট-১ পরীক্ষা রোল নম্বরের ক্রমানুসারে লিপিবদ্ধ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ অফিসে জমা দিয়ে আবেদন ফরম গ্রহণ করতে হবে।

৩। **আবেদন ফরম পূরণের শর্তাবলী :**

ক) ১৯৯৯ সালের অনার্স পার্ট-১ পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী প্রমোশন পেয়েছে ঐ সকল পরীক্ষার্থী ২০০০ সালের অনার্স পার্ট-২ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) যে সকল অনিয়মিত/অকৃতকার্য পরীক্ষার্থী ২০০০ সালের অনার্স পার্ট-২ পরীক্ষায় অংশগ্রহণ করবে। সংশ্লিষ্ট কোর্সের রেগুলেশন অনুযায়ী ঐ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ থাকতে হবে।

৪। **সিলেবাস**

ক) নিয়মিত পরীক্ষার্থীদের ২০০০ সালের অনার্স পার্ট-২ পরীক্ষা ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ সকল পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে। ৯০০০০০ (নয় লক্ষ) সিরিয়ালের রোল নম্বরধারী পরীক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং এ সকল পরীক্ষার্থী শুধুমাত্র ৩য় পত্র পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের আওতাভুক্ত অনিয়মিত/অকৃতকার্য পরীক্ষার্থীদের ২০০০ সালের অনার্স পার্ট-২ পরীক্ষা ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ সকল পরীক্ষার্থীদের প্রশ্নপত্র ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী প্রণীত হবে। ৮০০০০০ (আট লক্ষ) সিরিয়ালের রোল নম্বরধারী পরীক্ষার্থীগণ অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং এ সকল পরীক্ষার্থী ২য় ও ৩য় পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

গ) ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষের আওতাভুক্ত অনিয়মিত পরীক্ষার্থীদের ২০০০ সালের অনার্স পার্ট-২ পরীক্ষা ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। এ সকল পরীক্ষার্থীদের প্রশ্নপত্র ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে সিলেবাস অনুযায়ী প্রণীত হবে। ৭০০০০০ (সাত লক্ষ) সিরিয়ালের রোল নম্বরধারী পরীক্ষার্থীগণ এ সিলেবাসের আওতাভুক্ত হবে। এছাড়া ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীগণও (যদি ১৯৯৬ সালের অনার্স পার্ট-১ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকে) এ সিলেবাসের আওতাভুক্ত হবে এবং এ সকল পরীক্ষার্থী শুধুমাত্র ২য় পত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(বিঃ দ্রঃ যে পরীক্ষার্থী যে শিক্ষাবর্ষের সিলেবাসের আওতাভুক্ত তাকে ঐ সিলেবাসের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে)

৫। **আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে।

খ) আবেদন ফরমের যাবতীয় তথ্যাদি সঠিক ও নির্ভুল হতে হবে।

গ) পরীক্ষার্থীর আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও অনার্স পার্ট-১ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি (স্ব-স্ব কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সংযোজন করতে হবে।

ঘ) প্রত্যেক পরীক্ষার্থীর সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি (স্ব-স্ব কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আঠা দ্বারা সংযোজন করতে হবে।

ঙ) যে সকল পরীক্ষার্থী অনার্স পার্ট-২ তে কলেজ পরিবর্তন করেছে, ঐ সকল পরীক্ষার্থীকে আবেদন ফরমের সঙ্গে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত টিসি ইস্যু করার অনুমতি পত্রের ফটোকপি অবশ্যই সংযোজন করতে হবে।

৬। **আবেদন ফরম জমা দানের নিয়মাবলী :**

ক) বিষয়ওয়ারী অনার্স পার্ট-১ পরীক্ষার রোলের ক্রমানুসারে আবেদন ফরমগুলো সাজিয়ে শক্ত সুতা দ্বারা বেঁধে এবং সেই অনুযায়ী ০৪ (চার) কপি বিবরণী ফরম প্রস্তুত করে বিষয়ওয়ারী জমা দিতে হবে।

খ) নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের আবেদন ফরমসমূহ পৃথক পৃথকভাবে জমা দিতে হবে।

গ) পরীক্ষার্থীর আবেদন ফরম ও বিবরণী ফরম সঠিক ও নির্ভুলভাবে জমা দিতে হবে।

ঘ) অসম্পূর্ণ আবেদন ফরম কোন প্রকার যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

ঙ) এই বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

চ) ডাকযোগে কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

**বিঃ দ্রঃ** সকল প্রকার ফি-এর ব্যাংক ড্রাফট রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, সোনালী ব্যাংক-এর অনুকূলে করতে হ এবং ড্রাফটের অপর পৃষ্ঠায় অধ্যক্ষের সীলমোহরসহ স্বাক্ষর থাকতে হবে।

প্রফেসর বিনয় রতন বড়ুয়া
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়